# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল : ০১৮১৯-৯৩০ ৪৮৮


তারিখ: ২৪.১১.১৭

## প্রেস বিজ্ঞপ্তি

### ৩ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করলেন মেয়র ডা. শাহাদাত

নগরীতে তিনটি অবকাঠামো প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। রোববার ভিত্তি প্রস্তর স্থাপন হওয়া প্রকল্প তিনটির মাঝে আছে ১৩ কোটি ২৬ লাখ টাকা ব্যয়ে ৭ তলা বিশিষ্ট হালিশহর আলহাজ্ব মহব্বত আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন এর ভিত্তি প্রস্তর স্থাপন। ২৬ নং হালিশহর ওয়ার্ডে ১৩ কোটি ৭৭ লাখ টাকা ব্যয়ে ৭ তলা কিচেন মার্কেট কাম কমিউনিটি সেন্টার নির্মাণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন এবং ৩৭নং ওয়ার্ডস্থ জরিনা মফজল কলেজ সংলগ্ন ২.৩ কিলোমিটার দৈর্ঘ্যের রোড ড্রেইনসহ উন্নয়ন এর কাজের ভিত্তি প্রস্তর স্থাপন। এ প্রকল্পে ব্যয় হবে ৯ কোটি ৪৫ লাখ টাকা। আলহাজ্ব মহব্বত আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তি প্রস্তর স্থাপনকালে নৈতিক শিক্ষার উপর জোরারোপ করে মেয়র বলেন আমরা যদি নৈতিক শিক্ষায় শিক্ষিত না হই তাহলে সমাজকে আমরা কিছু দিতে পারবোনা। পড়াশোনা করে আজকে আমি ডাক্তার হয়েছি, সব ঠিক আছে। কিন্তু ডাক্তার যখন মানবিক হতে না পারবে, একটা গরীব রোগীকে চিকিৎসা বিনামূল্যে দিতে না পারবে তখন এই শিক্ষার কোন দাম নেই। একজন শিক্ষক একটা মেধাবী গরীব ছাত্রকে বিনামূল্যে পড়াতে না পাড়লে উনার শিক্ষার কোন দাম নেই। এভাবে প্রতিটি পেশাতে আমাদেরকে মানবিক যদি হতে হয়, আমাদেরকে যদি সামাজিক হতে হয়, আমাদেরকে যদি সমাজের সত্যিকার দায়িত্ব পালন করতে হয় তাহলে আমাদেরকে অবশ্যই নৈতিক শিক্ষায় শিক্ষিত হতে হবে। শিক্ষাখাতে দেশ পিছিয়ে গেছে দাবি করে মেয়র বলেন, গত ১৬টি বছর আমরা দেখেছি শিক্ষার নামে বিভিন্ন ধরনের নৈরাজ্য হয়েছে। চাঁদাবাজি হয়েছে। আমার ছাত্র ছাত্রী ভাই বোনদের বইয়ে বানোয়াট ইতিহাস পড়ানো হয়েছে। এখানে শিক্ষক-শিক্ষিকা যারা আছেন মনে রাখবেন যে, বিগত সরকারের সময় মাদকাশক্তিতে অনেক ছেলে নষ্ট হয়ে গেছে। অনেকে বিভিন্নভাবে খারাপ ছেলের সংস্পর্শে এসে খারাপ হয়ে গেছে। কিশোর গ্যাং কালচার তৈর হয়েছে ওই সরকারের আমলে। আপনাদেরকে আমাদের সন্তানদেরকে বাঁচাতে হবে। তাদেরকে পরিষ্কার পরিচ্ছন্নতার দিকে খেয়াল রাখবেন। তাদের নখ পরিষ্কার আছে কিনা, তাদের চুল ঠিক আছে কিনা, হাইজিন মেন্টেন করছে কি না ছাত্ররা সব চেক করা আপনাদের দায়িত্ব। তাদেরকে সুস্থ নাগরিক হিসেবে গড়তে হবে আপনাদের।কিচেন মার্কেট কাম কমিউনিটি সেন্টার নির্মাণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপনকালে মেয়র বলেন, যেহেতু কোন কমিউনিটি সেন্টার বা বড় মার্কেট এই এলাকায় ছিল না সেহেতু আমরা চমৎকার একটা মার্কেট এই এলাকায় করে দিচ্ছি যাতে করে এলাকাবাসীর সুবিধা হয়। এই আধুনিক বিল্ডিং এলাকায় কর্মসংস্থান সৃষ্টি করবে, নাগরিক সুবিধা বৃদ্ধি করবে। বৃষ্টির পানির ব্যবহারের আহ্বান জানিয়ে মেয়র বলেন, রেইনওয়াটার হারভেস্ট সম্বন্ধে আমি আপনাদের কিছু বলতে চাই। রেনওয়াটার হারভেস্টিং মানে বৃষ্টির পানি যেটা পড়ে জলাবদ্ধতার সৃষ্টি হয় সেটাকে আমরা একটা বৈজ্ঞানিক উপায়ে ধারণ করে এই পানিটা রিসাইক্লিং করে ব্যবহার করতে পারি। পানির কিন্তু সংকট হবে ভবিষ্যতে। এজন্য ওয়াসার পানিকে আমরা নষ্ট করবো না। আমরা যত্রতত্র এই যে পানি যে নষ্ট করছি এটা কিন্তু আমাদের জন্য পরবর্তীতে গিয়ে সমস্যা হয়ে দাঁড়াবে। কারণ পানি আমাদেরকে সেভ করতে হবে। পানির অপর নাম জীবন। আজকে আমরা হয়তো মনে করছি যে পানি তো আছে দেদারসে খরচ করি। একটা স্টেজে পানির অভাব দেখা দিবে। এখন একটা নলকূপ লাগাতে গিয়ে দেখবেন অনেক গভীরে চলে যেতে হচ্ছে। তার অর্থ হচ্ছে এটা হয়তো গুড সাইন না। কাজেই পানির যত নীচে যাবে তত মনে করবেন যে ভূগর্ভে পানি কমে যাচ্ছে। ভূগর্ভে পানি কমে যাওয়া এটা রিস্কি। এজন্য বিল্ডিং নির্মাণের ক্ষেত্রে যে বিল্ডিং কোডগুলো আছে সেগুলো মেনে চলবেন। আপনারা নিয়ম মেনে চললে দেখবেন যে জলাবদ্ধতা হবে না। নেক্সট জেনারেশনের জন্য আপনাদের কথা চিন্তা করতে হবে। শুধু এখন আপনারা সুখী থাকবেন বউ বাচ্চা নিয়ে এটা চিন্তা করবেন না।মেয়র ২৬ নং উত্তর হালিশহর ওয়ার্ডে পরিচ্ছন্ন বিভাগের কর্মীদের হাজিরা নেন এবং বিভিন্ন এলাকায় নাগরিকদের কাছে এলাকার বিভিন্ন সমস্যা সম্পর্কে মতবিনিময় করেন। এরপর মেয়র নগরীর সিআরবি এলাকার ভাঙ্গা সড়ক মেরামতের কাজ পরিদর্শন করেন এবং প্রকৌশল বিভাগকে দ্রুত নগরীর ক্ষতিগ্রস্ত সড়কগুলো মেরামত করার নির্দেশ দেন।এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমি, প্রধান প্রকৌশলী মোহাম্মদ আবুল কাশেম, শিক্ষা কর্মকর্তা মোছাম্মৎ রাশেদা আক্তার, নির্বাহী ম্যাজিস্ট্রেট জিল্লুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জসিম উদ্দিন, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা মোঃ শরফুল ইসলাম মাহি, উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব শর্মা, মেয়রের একান্ত সহকারী মারুফুল হক চৌধুরী (মারুফ) সহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

### জনসেবায় রোটারী'র কার্যক্রম প্রশংসনীয় ডা. শাহাদাত হোসেন

রোটারি ক্লাব অব চিটাগাং সাগরিকার ২৩তম অভিষেক অনুষ্ঠান গতকাল সন্ধ্যায় চিটাগাং ক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন।

রোটারি ক্লাব অব চিটাগাং সাগরিকার সভাপতি রোটারিয়ান আরিফ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পাস্ট প্রেসিডেন্ট ও পিডিজি প্রফেসর তৈয়ুব চৌধুরী, ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্ট আজিজুল ইসলাম বাবুল, ক্লাব সেক্রেটারি উৎপল বড়ুয়া, পিপি খনরঞ্জন রায়, পিপি মনিরুজ্জামান চৌধিরী, পিপি রেজাউল করিম চৌধিরী, রোটারিয়ান আজিজুল কাদের, মাইফুল আক্তার প্রমুখ।প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, সারা বিশ্বে জনসেবায় রোটারী'র কার্যক্রম প্রশংসনীয়। পোলিও নির্মূলে রোটারির ভূমিকা অনস্বীকার্য। তিনি চট্টগ্রাম সিটি কে পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়তে নগরবাসীর অভ্যাস পরিবর্তন এবং সচেতন হওয়ার আহ্বান জানান। তিনি এ ব্যাপারে রোটারী ক্লাবেরও সহযোগিতা কামনা করেন।সভায় একজন ক্যানসার রোগীকে অর্থ সহায়তা এবং বাঁশখালি নারী ক্রিকেট ক্লাবকে মাঠ পরিচর্যা যন্ত্র এবং আরআই রোটারী ফান্ডে অর্থ সহায়তা প্রদান করা হয়। সভা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, রেফেল ড্র অনুষ্ঠিত হয়।

## ক্লিন সিটি গড়তে গভীর রাতে সারপ্রাইজ ভিজিট মেয়র ডা. শাহাদাতের

নির্বাচনী প্রতিশ্রুতি রক্ষা করে চট্টগ্রামকে ক্লিন সিটি হিসেবে গড়তে গভীর রাতেও সারপ্রাইজ ভিজিট করছেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। এ পদক্ষেপের অংশ হিসেবে বিভিন্ন ওয়ার্ডে গভীর রাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কার্যক্রমের তদারকি করেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার রাতে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমী, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব শর্মাকে নিয়ে মেয়র ডা. শাহাদাত হোসেন আরেফিন নগর টিজি পরিদর্শন করেন। এসময় মেয়র বলেন, নগরবাসীর সুবিধার্থে পরিচ্ছন্ন কার্যক্রম রাতে পরিচালিত হচ্ছে বিধায় আমি রাতে পরিচ্ছন্ন কার্যক্রম আদৌ হচ্ছে কী না নাকি কর্মীরা ফাঁকি দিচ্ছে তা দেখতে পরিদর্শন করব। কেউ দায়িত্ব পালনে ফাঁকি দিলে বা ব্যর্থ হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। মেয়র বর্জ্যাগারগুলোর বর্তমান সক্ষমতা যাচাই করেন এবং ভবিষ্যতে বিজ্ঞানভিত্তিক পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনার বিষয়ে পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের মতামত নেন।এছাড়া, রোববার দুপুরে শিডিউল প্রোগ্রামের বাহিরে হঠাৎ সিআরবিতে সড়ক সংস্কার কাজ পরিদর্শন করতে যান মেয়র। তিনি চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামকে সাথে নিয়ে সিআরবি সাত রাস্তা মোড় থেকে হোটেল রেডিসন ব্লু পর্যন্ত হেঁটে হেঁটে সড়ক সংস্কার ও পরিচ্ছন্ন কার্যক্রম পরিদর্শন করেন। মেয়র প্রধান প্রকৌশলী মোহাম্মদ আবুল কাশেমকে দ্রুত নগরীর সিআরবিসহ ক্ষতিগ্রস্ত সড়কগুলো মেরামত করার নির্দেশ দেন এবং কাজের গুণগত মান নিশ্চিত করতে বলেন।

## চসিক ভ্রাম্যমান আদালত
## বহদ্দারহাটে ফুটপাত থেকে দুই শতাধিক অবৈধ দোকান উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা রোববার সকালে নগরীর বাকলিয়া ও বহদ্দারহাট এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালনা করেন।এ সময় বাকলিয়া থানার মিয়াখান নগর এলাকায় সিটি কর্পোরেশনের রাস্তা কর্তন করায় ক্ষতিপূরণ আদায় করা হয়। পরে বহদ্দারহাট এলাকায় রাস্তা ও ফুটপাত থেকে প্রায় দুই শতাধিক ভাসমান দোকান উচ্ছেদ করা হয়। ফুটপাত দখল করে ব্যবসা করার অপরাধে **১** ব্যক্তিকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮